

# যুগান্তর

## মিঠাপুকুরে জেএসসি'র ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায়

### রংপুর খবর

জেলার মিঠাপুকুরের রানীপুকুর স্কুল অ্যান্ড কলেজের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ফরম পূরণের নামে অতিরিক্ত টাকা নেয়া হচ্ছে। এ অভিযোগ করেছেন এলাকার অভিভাবক ও স্কুলের শিক্ষার্থীরা। শুধু এই শিক্ষাপ্রতিষ্ঠানেই অতিরিক্ত টাকা নেয়া হচ্ছে তা নয়, উপজেলার সব কাঁচ শিক্ষাপ্রতিষ্ঠানে একই চিত্র বলে জানা গেছে। শনিবার স্কুল ক্যাম্পাসে দেখা রানীপুকুর স্কুল অ্যান্ড কলেজের জেএসসি পরীক্ষার্থী মাহমুদুল হাসান জানান, সে পরীক্ষার ফি, বিদ্যালয় উন্নয়ন-ও মাসিক বেতনসহ মোট ১ হাজার ৮১০ টাকা দিয়ে পরীক্ষার ফরম পূরণ করেছে। এর মধ্যে শুধু পরীক্ষার ফি বাবদ তার কাছ থেকে নেয়া হয়েছে ৬শ' টাকা। দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তোফাজ্জুর রহমান স্বাক্ষরিত জেএসসি পরীক্ষায় অনুপস্থিত ফরম পূরণ বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, প্রত্যেক শিক্ষার্থীকে জিপিএ উন্নয়নসহ ফি ১শ' টাকা, কেন্দ্র ফি'দেড়শ' টাকা, বিলম্ব ফি ২৫ টাকা ও রেজিস্ট্রেশন নবায়ন ফি বাবদ ৫০ টাকা দিতে হবে। কিন্তু মিঠাপুকুরের বেশির ভাগ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শুধু পরীক্ষার ফি নিচ্ছে সাড়ে ৫শ' থেকে ৬শ' টাকা পর্যন্ত। এছাড়াও বিদ্যালয়ের উন্নয়ন ফি, মাসিক বেতনসহ নানা অজুহাতে ২ হাজার ৪৪০ টাকা করে দেয়া হচ্ছে। এবার উপজেলার ৮৯টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রায় ৬ হাজার শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করবে। রানীপুকুর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আবদুল্লাহেল কাদী অতিরিক্ত ফি আদায়ের সত্যতা স্বীকার করে বলেন, গভর্নমেন্টের সিদ্ধান্ত মোতাবেক ফরম পূরণে ৬শ' টাকা করে নেয়া হচ্ছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জাহিদুল হক বলেন, এ বিষয়ে আমি জানি না। সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবগণ বলতে পারবেন।